

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১৩৫

৩. ইলম বা বিদ্যা (کتاب العلم)

পরিচ্ছেদঃ ১০) বিদ্বান হওয়া ও কুরআন সম্পর্কে জ্ঞানী হওয়ার দাবী করার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من الدعوى في العلم والقرآن

আরবী

) (حسن لغيره) وَعَنْ عمر بن الخطاب رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يظهر الإسلام حتى تختلف التجار في البحر وحتى تخوض الْخَيْلُ فِي سَبِيلِ اللهِ ، ثُمَّ يَظْهَرُ قَوْمٌ يَقْرَؤُونَ الْقُرْآنَ ، يَقُولُونَ : مَنْ أَقْرَأُ مِنَّا ؟ مَنْ أَعْلَمُ مِنَّا ؟ من أَفقه منا؟ ثُمَّ قال لاصحابه: هَلْ فِي أُولَئِكَ مِنْ خَيْرٍ؟ قَالُواْ : اللهُ وَرَسُولُهُ أَعْلَمُ ، قَالَ : أُولَئِكَ مِنْ خَيْرٍ؟ قَالُواْ : اللهُ وَرَسُولُهُ أَعْلَمُ ، قَالَ : أُولَئِكَ هم وَقُودُ النَّارِ.. رواه الطبراني في الأوسط والبزار

বাংলা

১৩৫. (হাসান লি গাইরিহী) ওমার বিন খাত্তাব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ

''ইসলাম বিজয় লাভ করবে। অতঃপর এমন একটা পর্যায় আসবে যখন ব্যবসায়িকগণ সমুদ্র পথে সফর করবে, অশ্বারোহী বাহিনী আল্লাহর পথে (লড়াইয়ে) নিমগ্ন হবে। তারপর একদল লোক বের হবে যারা কুরআন পড়বে এবং বলবেঃ কে আছে আমাদের চেয়ে বেশী কুরআন পড়তে পারে? কে আছে আমাদের চেয়ে অধিক জ্ঞানী? কে আমাদের চেয়ে অধিক বুঝে?

এরপর তিনি (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সাহাবীদেরকে বললেনঃ "ওদের মধ্যে কি কোন কল্যাণ আছে?" তাঁরা বললেনঃ আল্লাহ্ ও তাঁর রাসূল অধিক জ্ঞান রাখেন।

তিনি বললেনঃ "ওরা তোমাদের মধ্যে থেকে এই উম্মতেরই অন্তর্ভুক্ত। ওরা জাহান্নামের ইন্ধন।"

(হাদীছটি বর্ণনা করেছেন ত্বাবরানী [আওসাত গ্রন্থে] ৬২৪২ ও বায্যার ১৭৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=87895}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন